

বার্ষিক প্রতিবেদন

২০১৮-২০১৯

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

সূচিপত্র

ক্রমিক নং		পৃষ্ঠা নম্বর
১	ভূমিকা	১
২	লক্ষ্য ও উদ্দেশ্য	১
৩	প্রশাসনঅনুবিভাগ	
	i. জনবলকাঠামো	২
	বাজেটবরাদ্দ	
	i. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়	৩
	ii. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়	৫
iii. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়	৬	
৪	কাবিখা অনুবিভাগ	
	ক. কাবিখার কার্যক্রম	৮
	i. বিভাগ ওয়ারী কাবিখার চূড়ান্ত প্রতিবেদনের সারাংশ	২০
	ii. জেলা ওয়ারী কাবিখার চূড়ান্ত প্রতিবেদনের সারাংশ	২১
	খ. টিআর কার্যক্রম	২৬
	i. বিভাগ ওয়ারী টিআর চূড়ান্ত প্রতিবেদনের সারাংশ	৩৯
	ii. জেলা ওয়ারী টিআর চূড়ান্ত প্রতিবেদনের সারাংশ	৩৯
iii. গৃহহীনদের জন্য নগদ টাকার দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ	৪২	
৫	মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগ	৫০
৬	ভিজিএফ অনুবিভাগ	৫৪
৭	ত্রাণ অনুবিভাগ	৬৯
৮	প্রশিক্ষণ ও গবেষণা অনুবিভাগ	৬২
৯	এমআইএম অনুবিভাগ	৮১
১০	পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ	৮৪
১১	বিভিন্ন প্রকল্পসমূহ :	
	i. গ্রামীণ রাস্তা ছোট ছোট (১২) মি. দীর্ঘ পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ (৩য় পর্যায়)	৮৮
	ii. বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)	১০১
	আশ্রয়কেন্দ্র মেরামত	১১২
	iii. বন্যাপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ প্রকল্প (৩য় পর্যায়)	১১৫
	iv. আরবান রেজিলিয়েন্ট প্রকল্প	১১৭
	v. গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোনবড (এইচবিবি) করণ প্রকল্প	১১৮
	vi. Disaster Risk Management Enhancement Project (DRMEP) প্রকল্প :	১২১
	vii. Strengthening of the Ministry of Disaster Management and Relief Programs Administration (SMODMRPA) প্রকল্প	১২৩
	viii. অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) শীর্ষক প্রকল্প	১২৭
মুজিব কিন্না নির্মাণ, সংস্কার ও উন্নয়ন শীর্ষক প্রকল্প	১৩২	

এই প্রতিবেদন অধিদপ্তরের ওয়েব ঠিকানা www.ddm.gov.bd-তে পাওয়া যাবে

মুখবন্ধ

ভৌগলিক অবস্থান, ভূতাত্ত্বিক গঠন ও জলবায়ু পরিবর্তন জনিত কারণে বাংলাদেশ বিশ্বের অন্যতম দুর্যোগ প্রবণ এলাকায় অবস্থিত একটি দেশ। প্রতিবছর আমাদের বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগ যেমন-বন্যা, আকস্মিক বন্যা, খরা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, নদীভাঙ্গন, জলাবদ্ধতা, পাহাড়ধস, টর্নেডো, কালবৈশাখি, বজ্রপাত, লবণাক্ততা বৃদ্ধি ইত্যাদি মোকাবেলা করতে হয়। এ সমস্ত প্রাকৃতিক দুর্যোগের ফলে গ্রামীণ অবকাঠামোর ব্যাপক ক্ষতি সাধিত হয়ে থাকে। আর এ সকল দুর্যোগে সৃষ্ট ক্ষতি হ্রাসকরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। এ অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত কর্মসূচি সমূহের মূল উদ্দেশ্য হচ্ছে পল্লী অবকাঠামো উন্নয়ন, দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ ও দারিদ্র্য বিমোচন।

গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা), গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর), গ্রামীণ রাস্তায় সেতু/কালভার্ট নির্মাণ, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে সেতু/কালভার্ট নির্মাণ, উপকূলীয় অঞ্চলে বহুমুখী আশ্রয়কেন্দ্র নির্মাণ, বন্যা প্রবণ ও নদীভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ, মুজিব কিল্লা নির্মাণ, সোলার সিস্টেম, দুর্যোগ সহনীয় ঘর নির্মাণ ও অতিদরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসূচি এ অধিদপ্তরের মাধ্যমে সরকার কর্তৃক বাস্তবায়ন করা হয়ে থাকে। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত লোকদের মধ্যে তাৎক্ষণিকভাবে খাদ্য সামগ্রী বিতরণের জন্য ভিজিএফ কর্মসূচিও এ অধিদপ্তর পরিচালনা করে আসছে। তাছাড়াও বন্যা, নদীভাঙ্গন, জলোচ্ছ্বাস, খরা, পাহাড় ধস, অগ্নিকাণ্ড, শৈত্য প্রবাহ ও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত লোকদের মাঝে খাদ্য সহায়তা, চেউটিন, নগদ অর্থ ও শীত বস্ত্র প্রদান করা হয়ে থাকে।

আলোচ্য প্রতিবেদনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত মানবিক সহায়তা কর্মসূচি, জরুরি সাড়াপ্রদান কর্মসূচি এবং অন্যান্য প্রকল্প ও কর্মসূচিসমূহের ধারাবাহিক বর্ণনা ও বাস্তবায়ন সম্পর্কিত তথ্য-উপাত্ত উপস্থাপন করা হয়েছে। এ সকল কর্মসূচির অর্জিত ফলাফল এবং বাস্তবায়ন প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে, যা অধিদপ্তরের কর্মসূচি সমূহ সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান করবে এবং এ অধিদপ্তরের কার্যপরিধি সম্পর্কে সকলে ওয়াকিবহাল হতে পারবেন।

২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কার্যক্রম সংক্রান্ত এ প্রতিবেদন গ্রামীণ অবকাঠামো উন্নয়ন তৎপরতা ও দারিদ্র্য বিমোচন কর্মসূচিতে এ অধিদপ্তরের ভূমিকা সম্পর্কে সকলকে অবহিত করার সুযোগ সৃষ্টি করবে বলে আমি মনে করি। মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগের বিভিন্ন সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও অনুবিভাগের এ উদ্যোগ প্রশংসার দাবি রাখে। এ প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনায় যারা সম্পৃক্ত ছিলেন তাদের সবাইকে জানাই আন্তরিক ধন্যবাদ। আশা করি আগামীতে বিভিন্ন কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নে এ প্রতিবেদন সহায়ক ভূমিকা রাখবে।

(মোঃ শাহাদৎ হোসেন)
মহাপরিচালক